

“মুজিব বর্ষে
বিআরডিবি’র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী
গড়ার”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা ডেস্ক-১



বিষয়ঃ ২৮ জানুয়ারি ২০২১ খ্রি: অনুষ্ঠিত বিআরডিবি’র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	নিতাই চন্দ্র সেন পরিচালক
সভার তারিখ	২৮ জানুয়ারি ২০২১ খ্রি:
সভার সময়	সকাল ১২.০০ ঘটিকা
স্থান	সভাপতির অফিস কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।


সভাপতি সকলকে স্বাগত জানিয়ে উদ্ভাবন ও সেবা সহজিকরণের বিষয়ে গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করে সভার কাজ শুরু করেন। মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর নির্দেশনা এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের তত্ত্ববধানে বিআরডিবি’র উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২০-২০২১) প্রণীত হয়েছে। এ অনুযায়ী বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বিগত সভার সুপারিশসমূহ পর্যালোচনা	মাঠ পর্যায় থেকে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো থেকে পাইলটিং এর জন্য আইডিয়া/ ধারণা বাছাই করা হয়েছে ; * এ ধারণাসমূহ ওয়েবসাইটের নির্ধারিত সেবাবক্সে আপলোড করা হয়েছে; * উদ্ভাবকগণের উদ্ভাবন বাস্তবায়ন কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে।	* বিগত সভার কার্যবিবরণী সভার সকল সদস্যের সম্মতিক্রমে দৃঢ়করণ হয়; * ইনোভেশন কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারাবাহিকতা বজায় রাখতে হবে; * অনুষ্ঠেয় সভায় কার্যপত্র এবং সর্বশেষ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল সদস্যকে দিতে হবে;	পরিচালক (প্রশাসন) ও উপপরিচালক (প্রোগ্রামিং)

০২	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার (২০২০-২০২১) এর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন তৈরী ও প্রেরণ	<ul style="list-style-type: none"> * উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২০-২০২১) বাস্তবায়নের অংশ হিসেবে উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্রমিক নং-১৫.১ অনুযায়ী অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ৩০/০১/২০২১ তারিখের মধ্যে তৈরী করার বিষয়ে আলোচনা হয়; * প্রস্তুতকৃত প্রতিবেদন ০৫/০২/২১ অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন তৈরী ও প্রেরণ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে; * অন্যান্য সূচকের মান অর্জনে ইনোভেশন কমিটির সহযোগিতা প্রয়োজন হবে মর্মে উপপরিচালক (প্রোগ্রামিং) সভায় উপস্থিত সকলকে অবগত করেন; * সভায় অরো জানানো হয় অদ্য ২৮/০১/২১ পর্যন্ত ইনোভেশন কমিটির ০৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। 	<ul style="list-style-type: none"> * কর্মপরিকল্পনা ২০২০-২১ এর গৃহীত সকল সূচকের মান যথাসময়ে অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে; * ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আনয়নে নির্ধারিত সময়ের মধ্যে সভা আহ্বান করতে হবে; * আগামী ০২/০২/২১ তারিখের মধ্যে অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করার ব্যবস্থা করতে হবে। 	উপপরিচালক (প্রোগ্রামিং)
০৩	একটি ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ	উদ্ভাবন কর্মপরিকল্পনা ১১.১.১ অনুযায়ী বিআরডিবি'র একটি সেবা ১৫/০২/২০২১ তারিখের মধ্যে ডিজিটালাইজ করতে হবে। ইতোপূর্বে এএমই, আইসিটি সেলের মাধ্যমে বিআরডিবি'র একটি সেবা ডিজিটালাইজ করা হয়েছে। এ ধারাবাহিকতায় ২০২০-২০২১ অর্থবছরের জন্যও একটি সেবা এএমই, আইসিটি সেলের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	এএমই, আইসিটি সেল দ্রুততম ও নির্ধারিত সময়ের মধ্যে একটি সেবা ডিজিটালাইজ করে তা ইনোভেশন কমিটির নিকট উপস্থাপন করবে।	এএমই, আইসিটি সেল ও উপপরিচালক (প্রোগ্রামিং)
০৪	কর্মশালা/ওয়ার্কশপ/সেমিনার আয়োজন	২০২০-২০২১ অর্থ বছরের মধ্যে উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একটি কর্মশালা, দুই দিনের জন্য উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে কর্মশালা/প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা নিতে হবে।	ইনোভেশন কমিটি

০৫	ই-নথি	<p>* ইনথি কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে বাস্তবায়নের অংশ হিসাবে রাজস্ব বাজেটের আওতাবুক্ত সকল উপপরিচালক ও তর্দুক্ষ কর্মকর্তাদের ক্যাবলের মাধ্যমে ইন্টারনেট সংযোগ প্রদান করা স্বত্তেও কার্যক্রম অগ্রগতি একেবারেই সন্তোষজনক নয়;</p> <p>* পরিচালক (প্রশাসন) ই-নথি কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য প্রশাসন ও সরেজমিন বিভাগকে বিশেষ ভূমিকা পালনের জন্য আহবান জানান। এ ব্যাপারে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়</p> <p>* ই-নথি সার্ভারে উন্নয়নের কাজ চলমান থাকায় জেলা দপ্তরের ইনথি সার্ভার কিছুটা ধীরগতি রয়েছে মর্মে এ সভায় জানানো হয়।</p>	<p>* ই-নথিতে পত্রজারি ও সকল ধরনের নিষ্পত্তি বৃদ্ধির জন্য অনুরোধ জানিয়ে পত্রজারি করতে হবে;</p> <p>* ই-নথির সার্ভারে গতি কম থাকলেও সকল ক্ষেত্রে ই-নথির কার্যক্রম সচল রাখতে হবে;</p> <p>* পেনশন ও বিভাগীয় মামলা সংক্রান্ত সিদ্ধান্ত হার্ডফাইলে অনুমোদন করে ই-নথিতে শুধু পত্রজারি করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত হয়।</p>	ইনোভেশন কমিটি ও সকল শাখা, বিভাগ
০৬	পিডিএস	<p>* পিডিএস কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের অংশ হিসাবে মহাপরিচালক মহোদয় ব্যবহৃত কম্পিউটারে পিডিএস ইন্সটল করে দেয়া হয়েছে;</p> <p>* ৩১ জুলাই, ২০২০ খ্রি: তারিখে পরবর্তী দুই বছর অর্থাৎ ২০২২ সাল পর্যন্ত পিডিএস এর চুক্তির মেয়াদ মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে বৃদ্ধি করার বিষয়ে সভায় জানানো হয়;</p> <p>* পিডিএস এর ডাটা এন্টির কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসাবে প্রশাসন শাখা থেকে জাতীয় পরিচয়পত্রের কপি চাওয়া হয়েছে।</p>	<p>* পিডিএস কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	প্রশাসন বিভাগ ও প্রোগ্রামিং শাখা
০৭	বিবিধ	<p>* উদ্ভাবন কর্মপরিকল্পনার ১৩.৩ কার্যক্রম সূচকে মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে;</p> <p>* মন্ত্রপরিষদ বিভাগ ও পউসবি এর নির্দেশনা অনুযায়ী সিটিজেন চার্টার তৈরির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়;</p> <p>* আইসিটি ও এ সংক্রান্ত কার্যক্রমের যথাযথ পরিবীক্ষণ করার দায়িত্ব ইনোভেশন কমিটির- এ বিষয়ে উপরিচালক (প্রোগ্রামিং) সভাকে অবহিত করেন।</p>	<p>* উল্লেখিত সূচকমান অর্জনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;</p> <p>* সংশ্লিষ্ট দপ্তরকে সিটিজেন চার্টার সঠিকভাবে তৈরির বিষয়ে অবহিত করতে হবে;</p> <p>* ইনোভেশন কমিটি যথাযথভাবে তারউপর অর্পিত সকল দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে।</p>	উপরিচালক (প্রোগ্রামিং)

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 নিতাই চন্দ্র সেন
 পরিচালক

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.১৩

তারিখ: ২১ মাঘ ১৪২৭
০৪ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ২) যুগ্মপরিচালক, সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ৩) উপপরিচালক, বাজারজাতকরণ শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ৪) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সহকারী পরিচালক, পদাবিক, বিআরডিবি, ঢাকা।



নাজনীন খানম
উপপরিচালক